

০১. অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নির্বাচিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।
০২. যে সকল জলমহালের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/সিক্কান্তের অপেক্ষায় অথবা কোনো আদালতের স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থার আদেশ রয়েছে সে সকল জলমহালের উপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া পরবর্তীতে কোনো জলমহালের উপর অনুরূপ আদেশ হলেও সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে।
০৩. জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি ([www.durgapurnetrokona.gov.bd](http://www.durgapurnetrokona.gov.bd)) ওয়েবসাইটেও পাওয়া যাবে।
০৪. জলমহালের আবেদন দাখিলের সকল শর্তাদি ভূমি মন্ত্রণালয় ওয়েবপোর্টাল এবং জেলা ওয়েবপোর্টালেও পাওয়া যাবে।
০৫. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩(তিনি) কার্যদিবসের মধ্যে সকল তথ্যাদি প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি এবং প্রয়োজনীয় অন্যান্য ডকুমেন্ট সংযুক্ত করে সীলগালাকৃত মুখ্যবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়ে রাখিত বর্ণে দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপর 'জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে। খামের বাম পার্শের নিয়মাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।
০৬. অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।
০৭. নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কোনো আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালী আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
০৮. কর্তৃপক্ষ কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোনো অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
০৯. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং জলমহাল ইজারা সংশ্লিষ্ট আইন/আদেশ/নির্দেশ যেগুলো এখানে উল্লেখ করা সম্ভব হয়নি, সেই আদেশ/নির্দেশ/আইনের সকল শর্তাবলী এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত যে কোনো আদেশ/নির্দেশ এবং বিধি বিধানও আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

(মো: আরফুল ইসলাম প্রিস্ট)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি  
দুর্গাপুর, নেত্রকোণা।

স্মারক নং: ৩১.৪৫.৭২১৮.০০৩.২৫.০২৫.২০-৩০

তারিখ: ১৬.০১.২০২৮ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. মাননীয় সংসদ সদস্য, নির্বাচিতী এলাকা ১৫৭, নেত্রকোণা-১।
২. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৩. অতিরিক্ত জেলা প্রশাসক, (রাজস্ব)নেত্রকোণা।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর, নেত্রকোণা।
৫. উপজেলা.....কর্মকর্তা, দুর্গাপুর, নেত্রকোণা।
৬. চেয়ারম্যান.....ইউ.পি(সকল), দুর্গাপুর।
৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা(সকল), দুর্গাপুর (বিজ্ঞপ্তি বহুল প্রকাশের জন্য)।
৮. জনাব .....সদস্য উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি,  
দুর্গাপুর, নেত্রকোণা।

(মো: মোস্তাফাফজুর রহমান)

সহকারী কমিশনার (ভূমি)

ও

সদস্য সচিব

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি  
দুর্গাপুর, নেত্রকোণা।